

সংবাদ

তারিখ : 24 OCT 2002  
পৃষ্ঠা : 9

## সৈয়দ আবুল হোসেন বৃত্তি পেল গৈলা স্কুলের কৃতী ছাত্রছাত্রী

পৌরনদী থেকে সংবাদদাতা : বরিশালের গৈলা মাধ্যমিক বিদ্যালয়ের কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে ১৬ই অক্টোবর সৈয়দ আবুল হোসেন বৃত্তির অর্থ বিতরণ করা হয়। এ উপলক্ষে বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন মওলানা হাকিমুর রশীদ, ইউসুফ হোসেন মোল্লা, আবদুল হাকিম, অজয় দাশগুপ্ত এবং বেলায়েত হোসেন। গৈলা মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক কৃতী ছাত্র বিশিষ্ট শিক্ষানুরাগী সৈয়দ আবুল হোসেন এমপি প্রদত্ত এককালীন ৫ লাখ টাকা অনুদানে এ বৃত্তি তহবিল গঠিত হয়। এ অর্থ বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফায় প্রতি বছর তৃতীয় থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বার্ষিক পরীক্ষায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী এবং অংশগ্রহণের কয়েকটি বিদ্যালয় থেকে প্রথম স্থান অধিকার করে গৈলা স্কুলে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান করা হয়। এ বছর ২১ জন বৃত্তি পেয়েছে। আগামী বছর বৃত্তিপ্রাপ্তের সংখ্যা বৃদ্ধি পাবে বলে বৃত্তি তহবিল পরিচালনার জন্য গঠিত ট্রাস্ট জানায়। এছাড়া বিদ্যালয় থেকে পঞ্চম ও অষ্টম শ্রেণীতে ট্যালেটপুলে বৃত্তিপ্রাপ্ত এবং মাধ্যমিক পরীক্ষায় 'এ-গ্রেড' প্রাপ্ত ছাত্রছাত্রীদের এ তহবিল থেকে বৃত্তি প্রদান করা হবে। প্রতি বছর একজন শ্রেষ্ঠ শিক্ষকও এককালীন অনুদান পাবেন।



পৌরনদী : সৈয়দ আবুল হোসেন বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের সঙ্গে গৈলা স্কুলের শিক্ষক এবং ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ ও ট্রাস্টার গৈলা পরিষদের কর্মকর্তাবৃন্দ — সংবাদ